



## পাকিস্তানে নতুন দফা আলোচনায় বসছে যুক্তরাষ্ট্র-ইরান



ছবি: সংগৃহীত

পরমাণু ইস্যুতে নতুন করে আলোচনায় বসতে যাচ্ছে যুক্তরাষ্ট্র ও ইরান। বিভিন্ন সূত্রের তথ্য অনুযায়ী, সোমবার ইসলামাবাদ-এ দুই দেশের প্রতিনিধিদের মধ্যে এই বৈঠক অনুষ্ঠিত হতে পারে।

মার্কিন সংবাদমাধ্যম CNN-এর প্রতিবেদনে বলা হয়েছে, রোববারের মধ্যেই উভয় পক্ষের প্রতিনিধি দল ইসলামাবাদে পৌঁছাতে পারেন। যদিও এখনো আনুষ্ঠানিকভাবে এ বৈঠকের ঘোষণা দেয়নি কোনো পক্ষই। এর আগে ডোনাল্ড ট্রাম্প ইঙ্গিত দিয়েছিলেন, সপ্তাহান্তেই আলোচনা শুরু হতে পারে।

গত দফার বৈঠক দীর্ঘ সময় ধরে চললেও কোনো চূড়ান্ত সমঝোতায় পৌঁছানো যায়নি। পাকিস্তানের মধ্যস্থতায় চলা দুই সপ্তাহের যুদ্ধবিরতির মেয়াদও শিগগিরই শেষ হওয়ার কথা রয়েছে, যা পরিস্থিতিকে আরও সংবেদনশীল করে তুলেছে।

এদিকে সাম্প্রতিক অগ্রগতি নিয়ে আশাবাদ ব্যক্ত করেছেন ট্রাম্প। তিনি জানিয়েছেন, ইরানকে ঘিরে পরিস্থিতি ইতিবাচক দিকে এগোচ্ছে এবং তিনি সম্প্রতি “ভালো খবর” পেয়েছেন। তবে সতর্কবার্তাও দিয়েছেন— নির্ধারিত সময়ের মধ্যে সমঝোতা না হলে যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানো নাও হতে পারে, এমনকি অবরোধ বহাল রাখা এবং সামরিক পদক্ষেপের সম্ভাবনাও উড়িয়ে দেননি।

অন্যদিকে, হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল স্বাভাবিক হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন শি জিনপিং। ট্রাম্প জানিয়েছেন, তার আসন্ন চীন সফরে শি জিনপিংয়ের সঙ্গে বৈঠকটি গুরুত্বপূর্ণ ও সম্ভাব্য ঐতিহাসিক হতে পারে।